

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.৫২.০০৫.২২. ৬০২

তারিখ: ২২ মার্চ ২০২৪

## আদেশ

যেহেতু, জনাব রিদওয়ানুল জামাত, প্রধান শিক্ষক, পূর্ব পাঁচরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, পটিয়া, চট্টগ্রাম এর বিরুদ্ধে এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও পলায়ন সংক্রান্ত অপরাধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিলা) বিধিমালা- ২০১৮ এর ৩ (খ) “অসদাচরণ” ও ৩ (গ) বিধি মতে “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করে গত ০৬-০৭-২০২৩ তারিখে বিভাগীয় মামলা-০৪/২০২২ রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্ট্রার ডাকযোগে প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক কি না তা জানতে চাওয়া হয়; এবং

যেহেতু, অভিযুক্ত প্রধান শিক্ষক লিখিত জবাব দাখিল করেন নি ও তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করার ইচ্ছা পোষণ না করায় বিভাগীয় মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। অভিযুক্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত ব্যক্ত করেন; এবং

যেহেতু, অভিযুক্ত প্রধান শিক্ষক এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাকে “চাকুরী হতে বরখাস্তকরণ (Dismissal from Service)” গুরুদন্ত প্রদানের সিদ্ধান্ত গ্রহণপূর্বক ‘দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ’ ০৮-১১-২০২৩ তারিখে তার বর্তমান ঠিকানায় প্রেরিত ডাকটি প্রাপক গ্রহণ না করায় ডাকঘর হতে ফেরৎ আসে।

সেহেতু, জনাব রিদওয়ানুল জামাত, প্রধান শিক্ষক, পূর্ব পাঁচরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, পটিয়া, চট্টগ্রাম বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিলা) বিধিমালা ২০১৮ এর ৪(খ) বিধি মতে “অসদাচরণ” এবং ৩(গ) বিধি মতে “পলায়ন” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ০৭-০৩-২০২২ থেকে “চাকুরী হতে বরখাস্তকরণ (Dismissal from Service)” গুরুদন্ত প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-  
ড. মোঃ শফিকুল ইসলাম  
বিভাগীয় উপপরিচালক  
ফোন: ০২৩৩৩৩৫৫২৫৩  
E-mail: ddchitt@gmail.com

স্মারক নং-৩৮.০১.২০০০.০০০.৫২.০০৫.২২. ৬০২/৫

তারিখ: ২২ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।  
দৃষ্টি আকর্ষণ : পরিচালক (পলিসি ও অপারেশন)
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম (বর্ণিত শিক্ষকের চাকুরি খতিয়ান বহিতে লিপিবদ্ধকরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো এবং তাকে অভিযোগের তদন্ত প্রতিবেদনে উল্লিখিত সরকারি মালামাল আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩. উপজেলা শিক্ষা অফিসার, পটিয়া, চট্টগ্রাম (বর্ণিত শিক্ষকের চাকুরি খতিয়ান বহিতে লিপিবদ্ধকরণের অনুরোধ করা হলো, হলো এবং তাকে অভিযোগের তদন্ত প্রতিবেদনে উল্লিখিত সরকারি মালামাল আদায় করার জন্য অনুরোধ করা হলো)।
৪. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পটিয়া, চট্টগ্রাম।
৫. জনাব রিদওয়ানুল জামাত, প্রধান শিক্ষক, পূর্ব পাঁচরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, পটিয়া, চট্টগ্রাম।  
স্থায়ী ঠিকানা: জনাব রিদওয়ানুল জামাত, পিতা- এস এম শামসুল হুদা, গ্রাম-মাইজবোনা, ডাকঘর- সাহারবিল, উপজেলা- চকরিয়া, জেলা- কক্সবাজার।
৬. সংরক্ষণ নথি।

ড. মোঃ শফিকুল ইসলাম  
বিভাগীয় উপপরিচালক